

## পাটের চেলে পোকা

বৈজ্ঞানিক নাম : *Apion corchori*

পরিবার : Apionidae

বর্গ : Coleoptera

চেলে পোকা পাট ফসলের একটি ক্ষতিকর পোকা। পূর্ণ বয়স্ক চেলে পোকা দেখতে ছোট কালো রং এর গুড় বিশিষ্ট। পাট গাছের চারা অবস্থা থেকে চেলে পোকা আক্রমণ শুরু করে। আলপিনের ছিঁদের মত করে পাতা খায়। স্ত্রী পোকা চারা গাছের কচি ডগায়, পাট গাছের গিটে বা পর্বে ছিদ্র করে ডিম পাড়ে ও বংশ বিস্তার করে। ঐ ডিম থেকে বাচ্চা বের হয়ে ডগার ভিতরে চলে যায় এবং সেখানে বড় হতে থাকে। পরবর্তীতে গাছের ডগা মারা যায় এবং শাখা-প্রশাখা বের হয়। গাছ যখন বড় হতে থাকে তখন এ পোকাগুলো পাট গাছের পাতার গোড়ায় কাণ্ডের উপর ছিদ্র করে ডিম পাড়ে। ডিম ফুটে কীড়া বের হয় আর মজ্জাতে প্রবেশ করে বড় হতে থাকে। আক্রান্ত স্থান থেকে এক ধরনের আঠালো পদার্থ বের হয়ে আসে এবং কীড়ার মলের সাথে তা মিশে গিটের সৃষ্টি করে। পাট পঁচানোর সময় ঐ গিটগুলো পঁচে না। আঁশের উপর কালো দাগ থেকে যায়। এতে আঁশের মান খুব কমে যায় এবং দাম কম পাওয়া যায়।



ছবি : চেলে পোকায় আক্রান্ত পাট গাছ

### দমন ব্যবস্থাপনাঃ

- ✓ জমির আশ পাশ বন ওকড়া ও আগাছামুক্ত রাখতে হবে।
- ✓ পাট মৌসুমের প্রথম থেকে আক্রান্ত চারা তুলে নষ্ট করে ফেলতে হবে।
- ✓ গাছের উচ্চতা ৫-৬ ইঞ্চি হলে, আক্রমণ বেশি হলে সাইপারমেথ্রিন গ্রুপের যেমন : রিপকর্ড ১০ ইসি/সিমবুশ ১০ ইসি ০.৫ মিলি/লিটার হারে পানিতে আক্রান্ত ক্ষেতে স্প্রে করলে পোকা দমন হয়। এক মৌসুমে তিনবার ঔষধ ছিটিয়ে প্রায় সম্পূর্ণরূপে পোকা দমন করা যায়।

### আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।